মাঠে - ময়দানে

ইতালীয় সিরি এ'র ম্যাচে টারিনোকে ১-০ গোলে হারাল লাজিও।

ফ্রেঞ্চ লিগ ওয়ানের ম্যাচে গুইনগাম্পয়েরসঙ্গে ১-১ গোলে ড্র করল প্যারিস সাঁ জাঁ।

মেসির হ্যাটট্রিকে ২৫ তম লা লিগা চ্যাম্পিয়ন হল বার্সেলোনা

বার্সেলোনা, ৩০ এপ্রিল: লা লিগায় বার্সেলোনার শিরোপা জয় ছিল শুধু সময়ের ব্যাপার। দেপোর্তিভো লা করুণার মাঠে লিওনেল মেসির হ্যাটট্রিকে ৪ ম্যাচ হাতে রেখেই ২৫ তম লা লিগা চ্যাম্পিয়ন হল বার্সা। দেপোর্তিভো লা করুণাকে ৪-২ গোলে হারিয়ে এই চ্যাম্পিয়ন খেতাব অর্জন করল কাতালানরা। এই নিয়ে ২৫তম লা লিগার খেতাব অর্জন করল বার্সা। আর শেষ ১০টি মরসুমের মধ্যে এটি তাদের সপ্তম খেতাব জয়। বার্সা অধ্যায়ের ইতি টানা আন্দ্রেস ইনিয়েস্তার ট্রফির শোকেসে যুক্ত হল আরও একটি টাইটেল। ঘরোয়া 'ডাবল' শিরোপায় মরসুম শেষ করল আর্নেস্টো ভালভার্দোর শিষ্যরা। গত সপ্তাহে সেভিয়াকে ৫-০ গোলে উড়িয়ে দিয়ে টানা চারবার কোপা দেল রে জেতে স্পেনের অন্যতম এই সেরা দলটি। আর মাত্র ১ পয়েন্ট পেলেই শিরোপা নিশ্চিত এমন সমীকরণ নিয়ে খেলতে নামে বার্সেলোনা। খেলা শুরুর পাঁচ মিনিটের মধ্যে ওসমান ডেম্বেলের পাস থেকে গোল করে দলকে লিড এনে দেন ফিলিপ্পে কুটিনহো। ম্যাচের ৩৮ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন লিওনেল মেসি। তবে এর ঠিক ২ মিনিটের মধ্যে ফরোয়ার্ড লুকাস পেরেজের গোলে ব্যবধান কমায় দেপোর্তিভো লা করুণা। এরপর ৬৪মিনিটে উইঙ্গার এমেরি কোলাসের গোলে সমতায় ফেরে দেপোর্তিভো। শেষদিকে ম্যাচের ৮২ ও ৮৫ মিনিটে পরপর ২টি গোল করে নিজের হ্যাটট্রিক পূরণ করার পাশাপাশি দলকে ৪-২ গোলে বড় জয় এনে দেন মেসি। এবারের লা লিগায় মোট ৩০টি গোল করেছেন মেসি। আর দেপোর্তিভো লা করুণার বিরুদ্ধে মেসির তিনটি গোলই আসে উরুগুয়ের স্ট্রাইকার লুইস সুয়ারেজের পাস থেকে। ম্যাচের ৮৭ মিনিটে ইভান রাকিটিচের বদলি হিসাবে মাঠে নামেন ইনিয়েস্তা। এই মরসুম শেষ হলেই ন্যু ক্যাম্প থেকে বিদায় নেবেন বিশ্বকাপজয়ী এই স্প্যানিশ তারকা। রেফারির শেষ বাঁশি বাজার সাথে সাথেই খেতাব জয়ের উৎসবে মেতে ওঠে কাতালানরা। পয়েন্ট তালিকায় অপরাজেয় বার্সার সংগ্রহ ৮৬। সমসংখ্যক ম্যাচ খেলে ২৮ পয়েন্ট সংগ্রহ করে ১৮ নম্বর স্থানে রয়েছে দেপোর্তিভো লা করুণা আর ৭৫ পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে অ্যাটলেটিকো মাদ্রিদ। বাকি তিনটি ম্যাচ জিতলেও বার্সাকে ছুঁতে পারবে না অ্যাটলেটিকো মাদ্রিদ। গতবারের চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ ৩৪ ম্যাচে ৭১ পয়েন্ট সংগ্রহ করে রয়েছে তৃতীয় স্থানে।

ঘরের মাঠে এগিয়ে থেকে খেলা শুরু করবে রিয়াল মাদ্রিদ

মাদ্রিদ, ৩০ এপ্রিল : চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের প্রথম লেগে বায়ার্ন মিউনিখের মাঠ অ্যালিয়েঞ্জ এরিনায় দুরন্ত ফর্মে ছিল রিয়াল মাদ্রিদ। বায়ার্নের বিরুদ্ধে ২-১ গোলে জয় পেয়েছিল জিনেদিন জিদানের শিষ্যরা।

মার্সেলো ভিয়েরা ও অ্যাসেনসিও গোল করে দলকে দুরন্ত জয় এনে দেন। অ্যাওয়ে ম্যাচে ২-১ গোলে জয়ের পর আজ গভীর রাতে ঘরের মাঠে সান্তিয়াগো বার্নাব্যুতে ফিরতি লেগের ম্যাচে খেলতে নামছে রিয়াল। প্রথম লেগে অ্যাওয়ে ম্যাচে জয় পাওয়ার ফলে ঘরের মাঠে ফিরতি লেগের ম্যাচে খেলতে নামার আগে কিছুটা হলেও সুবিধাজনক অবস্থায় রয়েছে রিয়াল। কারন ঘরের মাঠে ড্র করলেও ফাইনালে ওঠা অসুবিধা হবে না রিয়াল মাদ্রিদের। বায়ার্নের বিরুদ্ধে জয়ের জন্য রিয়াল মাদ্রিদের প্রধান ভরসা হতে চলেছে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো, স্যার্জিও র‍্যামোস, লুকা মডরিচ, টনি ক্রুস, মার্সেলো, অ্যাসেনসিও প্রমুখ। তবে বায়ার্নের বিরুদ্ধে প্রথম লেগে রিয়াল তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো গোলের সহজ সুযোগ নষ্ট করেন। তাই ঘরের মাঠে ফিরতি লেগের ম্যাচে গোল করতে মরিয়া সিআরসেভেন। অন্যদিকে প্রথম লেগে ঘরের মাঠে হেরে রিয়ালের কাছে হেরে বেশ খানিকটা চাপে রয়েছে জার্মানির অন্যতম সেরা দল বায়ার্ন মিউনিখ। দলের চাপ আরও বাড়িয়েছে দলের দুই নির্ভরযোগ্য খেলোয়াড় জেরমে বোয়েটাং ও আর্জেন রবেনের চোট। তাই তাদের চ্যাম্পিয়ন্স লিগে ফাইনালে উঠতে হলে টমাস মুলার, রবার্ট লেওয়ান্ডস্কি, জেমস রড্রিগেজ এদের বাড়তি দায়িত্ব নিতে হবে। কারণ ঘরের মাঠে হারার ফলে অ্যাওয়ে ম্যাচে জিতে সেমিফাইনালে ওঠা মোটেই সহজ হবেনা বায়ার্নের কাছে। রিয়াল ও বায়ার্নের ফিরতি লেগের ম্যাচে রেফারির দায়িত্ব পালন করবেন রিয়াল-জুভেন্তাসের প্রথম লেগের ম্যাচে দায়িত্বে থাকা রেফারি ক্যানিয়েট চাকির। যাঁর বেশ কিছু বড় ম্যাচ পরিচালনা করার দায়িত্ব রয়েছে। ফলে এবারও আরেকটি গুরুত্বপূর্ণ ম্যাচের দায়িত্ব সামলাবেন তিনি। এখন দেখার প্রত্যাশামতোই রিয়াল মাদ্রিদ চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ওঠে না কি সব হিসাব উল্টে দিয়ে ফাইনালের টিকিটি পায় বায়ার্ন মিউনিখ।

গুরুত্বপূর্ণ ম্যাচে জয়ের লক্ষ্যে কোহলির রয়্যাল চ্যালেঞ্জার্স ও রোহিতের ব্লু ব্রিগেড

বেঙ্গালুরু, ৩০ এপ্রিল: শেষ ম্যাচে ঘরের মাঠে কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে হারের পর ফের ঘরের মাঠে খেলতে নামছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। এবার তাদের প্রতিপক্ষ মুম্বই ইন্ডিয়ান্স। এই মুহূর্তে ৭ ম্যাচে মাত্র ২টি জয় পেয়ে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে আরসিবি। অন্যদিকে মুম্বই ইন্ডিয়ান্সও ২টি ম্যাচ জিতে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে। তবে শেষ ম্যাচে দুরন্ত ফর্মে থাকা চেন্নাই সুপার কিংসকে হারিয়েছে তারা। এই পরিস্থিতিতে দুই দলই এই গুরুত্বপূর্ণ ম্যাচে খেলতে নামছে জয়ের লক্ষ্যে। বিরাট কোহলির নেতৃত্বে আরসিবি এবারে সেকরম ভাল খেলতে পারছে না। দলের ব্যাটসম্যানরা মোটামুটি ভাল ব্যাট করলেও বোলরদের ব্যর্থতার জন্য পরপর ম্যাচ হারতে হয়েছে তাদের। বোলারদের মধ্যে উমেশ যাদব ও যযুবেন্দ্র চাহাল ছাড়া আর কেউ সেভাবে দাপট দেখাতে পারছে না। কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে আরসিবির প্রথম একাদশে সুযোগ পেয়েও বল হাতে ব্যর্থ হল নিউজিল্যান্ডের তারকা পেস বোলার টিন সাউদি। ৪ ওভারে ৩৪ রান দিয়ে কোনও উইকেট সংগ্রহ করতে পারেননি সাউদি। তাই দলের পরপর ম্যাচ হারার এই ব্যর্থতা কাটিয়ে কাটিয়ে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে জয় ছাড়া আর কোনও উপায় নেই তাদের। অন্যদিকে তিনবার আইপিএল জয়ী মুম্বই ইন্ডিয়ান্সের অবস্থাও এবার ভাল নয়। তবে শেষ ম্যাচে এবারের আইপিএলের অন্যতম সেরা দল চেন্নাই সুপার কিংসকে হারিয়ে ছন্দে ফিরেছে তারা। আর আরসিবির বিরুদ্ধেও সেই ধারাবাহিকতা বজায় রাখতে চায় তারা। দলের পক্ষে খুশির খবর ফর্মে ফিরেছেন অধিনায়ক রোহিত শর্মা। চেন্নাইয়ের বিরুদ্ধে রোহিত প্রমাণ করেছেন যে তিনি সঠিক সময়েই নিজের সেরাটা বার করে আনেন। এছাড়া চেন্নাইয়ের বিরুদ্ধে দলের ডেথ ওভার বোলিংও বেশ ভাল হয়েছে। একাদশতম আইপিএলে মুম্বই ইন্ডিয়ান্সের প্রধান সমস্যা ছিল ডেথ ওভারের বোলিং। সেই সমস্যার অনেকটাই সমাধান হওয়ার কিছুটা হলেও স্বস্তি রয়েছে মুম্বই ইন্ডিয়ান্স শিবিরে। এখন দেখার টানা হারের ধাক্কা কাটিয়ে ঘরের মাঠে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু জিততে পারে না কি অ্যাওয়ে ম্যাচ থেকে ২ পয়েন্ট সংগ্রহ করে মুম্বই ইন্ডিয়ান্স।

সমস্যায় চার ফুটবলার

স্টাফ রিপোর্টার: সম্প্রতি দলবদলের বাজারে মিনার্ভার একাধিক খেলোয়াড়কে সই করিয়েছেন ইস্টবেঙ্গল কর্তারা। আই লিগে ও সুপার কাপে ব্যর্থ হওয়ার পর কোচ খালিদকে ছেড়ে দিয়েছে ইস্টবেঙ্গল। এছাড়া পুরনো দল ভেঙে নতুন করে দল সাজাচ্ছেন ইস্টবেঙ্গল কর্তারা। পুরনো প্রায় সব খেলোয়াড়কে ছেড়ে দেওয়া হয়েছে। এবারের আই লিগে চ্যাম্পিয়ন মিনার্ভা পাঞ্জাবের খেলোয়াড়দের সই করানো হয়েছে ইস্টবেঙ্গল শিবিরে। আর এতেই বিস্ফোরক মিনার্ভা দলের মালিক রঞ্জিত বাজাজ। দীপক দেবরানি, সুখদেব সিং, গগনদীপ বালি ও কাসিম আইদিরার সঙ্গে চুক্তি করেছে ইস্টবেঙ্গল। এ প্রসঙ্গে রঞ্জিত বাজাজ বলেন, সুখদেব, দীপক ও বালির সঙ্গে ২০১৯ সাল পর্যন্ত চুক্তি আছে। আর যদি কাসিম ইস্টবেঙ্গলের হয়ে খেলতে চায় তাহলে ওদের অবশ্যই ট্রান্সফার ফি দিতে হবে। চেঞ্চো ও কাসিমের সঙ্গে আমাদের আইনি চুক্তি আছে। যেখানে স্পষ্ট লেখা আছে, আগ্রহী ক্লাব যদি ট্রান্সফার ফি না দেয় তাহলে তারা কোনও ক্লাবে সই করতে পারবেন না। এই বিষয়টি আমরা গুরুত্ব সহকারে দেখছি। যদিও রঞ্জিত স্বীকার করেন, গোলকিপার রক্ষিত দাগার ক্লিয়ারেন্স চেয়েছিলেন। তাকে ক্লিয়ারেন্স দেওয়া হয়েছে। রঞ্জিত বাজাজের বক্তব্যের প্রতিক্রিয়ায় ইস্টবেঙ্গল শীর্ষকর্তা দেবব্রত সরকার বলেন, আমরা ওই খেলোয়াড়দের সঙ্গে চুক্তি করেছি। খেলোয়াড়দের পুরনো ক্লাব থেকে ক্লিয়ারেন্স নিয়ে আসতে হবে। যদি পায় তাহলে আমাদের হয়ে খেলবে। না হলে নয়।

মোহনবাগানের ১৪ সদস্যের পদত্যাগ

স্টাফ রিপোর্টার: মোহনবাগানের অচলাবস্থা অব্যাহত। বাগান সচিব অঞ্জন মিত্র'র উপর অনাস্থা এনে মাঝখানে পদত্যাগ করেছিলেন ক্লাবের সহ সচিব সৃঞ্জয় বসু ও অর্থসচিব দেবাশিষ দত্ত। এরপর দুই শীর্ষকর্তা পদত্যাগ পত্র প্রত্যাহার না করলেও নতুন মরশুমে দল গড়ার কাজে নিযুক্ত ছিলেন। নতুন মরশুমের দল গড়লেও ফুটবলারদের কোনও অগ্রিম দেওয়া হয়নি মোহনবাগান ক্লাবের তরফ থেকে। ক্লাব সচিবকে এ নিয়ে বারবার বলা সত্ত্বেও তাঁর কোনও হেলদোল ছিল না। নতুন মরশুমে ফুটবলাররা টাকা না পাওয়ায় ক্ষোভ বাড়ছিল তাদের মধ্যে। কয়েকদিন আগে ফুটবল সচিব সত্যজিৎ চট্টোপাধ্যায় ফুটবলারদের টাকা দেওয়ার জন্য দাবি জানান বাগান সচিবের কাছে। কিন্তু কয়েকদিন সময় চেয়েও ফুটবলারদের টাকা দিতে পারেননি মোহনবাগান সচিব। ফুটবল সচিব সত্যজিৎ চট্টোপাধ্যায় ফুটবলারদের টাকা দেওয়ার জন্য বারবার দাবি করতে থাকেন। সোমবার পর্যন্ত বাগান সচিবদের সময় দিয়েছিলেন ফুটবল সচিব সত্যজিৎ। কিন্তু শেষ পর্যন্ত টাকা না দেওয়ায় সত্যজিৎ চট্টোপাধ্যায় সহ কার্যকরী কমিটির ১৪ জন সদস্য পদত্যাগ করেন। ফলে মোহনবাগানে এখন অচলাবস্থা। কার্যকরী কমিটির সদস্যদের পাশাপাশি বাগান সদস্য ও সমর্থকদের মধ্যেও ক্ষোভ বাড়ছে সচিবকে ঘিরে। আসলে এতদিন বিদায়ী সভাপতি টুটু বসু টাকা দিয়ে সমস্যা মেটাতেন। কিন্তু এখন তিনি টাকা ঢালতে রাজি নন। তাই বিপাকে পড়েছেন ক্লাব সচিব অঞ্জন মিত্র। ১৪ জন কার্যকরী কমিটির সদস্য পদত্যাগ করায় মোহনবাগানে নির্বাচনী দামামা বেজে গেল। এখন দেখার অচলাবস্থা কাটাতে মোহনবাগানে কবে নির্বাচন পর্ব হয়।

এবি না খেলাটাই ম্যাচে ফ্যাক্টর হয়ে দাঁড়িয়েছে : ম্যাককালাম

বেঙ্গালুরু, ৩০ এপ্রিল: আইপিএলে গতকাল কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে হারের জন্য দলের জঘন্য ফিল্ডিংকেই দায়ী করলেন রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর অধিনায়ক বিরাট কোহলি। তিনি বলেছেন, আমাদের জয় প্রাপ্য ছিল না। আমার মনে হয়, জেতার জন্য যথেষ্ট চেষ্টা করিনি। নিজেদের প্রতি কঠোর হতে হবে। যেটা এক রান হওয়ার কথা, সেটাতে আমরা বাউন্ডারি দিয়েছি। এরকম ফিল্ডিং করা যায় না। আমরা এই ম্যাচে ভাল খেলতে পারিনি। অনেক ক্যাচ মিস করেছি। ভাল বল করারও দরকার ছিল। কেকেআরের বিরুদ্ধে হারের পর লিগ টেবিলে সাত নম্বরে আরসিবি। বিরাটরা যদি আজ মুম্বই ইন্ডিয়ান্সের কাছেও হারেন, তাহলে প্লে-অফে যেতে হলে বাকি ম্যাচগুলি জিততেই হবে। তার মধ্যে চারটি আবার অ্যাওয়ে ম্যাচ। এ বিষয়ে আরসিবি অধিনায়ক বলেছেন, আমার পক্ষে এই মুহূর্তে নির্দিষ্টভাবে কিছুই বলা সম্ভব নয়। এখান থেকে প্লে-অফে যেতে হলে বাকি সাতটি ম্যাচের মধ্যে ছটিতে জিততেই হবে আমাদের। আমাদের এখন থেকে প্রতিটি ম্যাচেই সেমিফাইনাল ভেবে খেলতে হবে। ভুল, আত্মতুষ্টি বা দ্বিধার কোনও জায়গা নেই। আশা করি দলের সবাই ভাল পারফরম্যান্স দেখাবে। আরসিবি'র অপর এক তারকা ব্রেন্ডন ম্যাককালাম বলেছেন, কেকেআরের বিরুদ্ধে এ বি ডি'ভিলিয়ার্স খেলতে না পারায় আমরা ধাক্কা খেয়েছি। ও অন্যতম সেরা ক্রিকেটার। আশা করি ও মুম্বইয়ের বিরুদ্ধে মাঠে নামতে পারবে।

ম্যাচ জেতার কৃতিত্ব দ্রাবিড়কে দিলেন দীনেশ কার্তিক

বেঙ্গালুরু, ৩০ এপ্রিল: অ্যাওয়ে ম্যাচে বেঙ্গালুরুকে ৬ উইকেটে হারিয়ে দল জয়ে ফেরায় খুশি কলকাতা নাইট রাইডার্সের অধিনায়ক দীনেশ কার্তিক। তিনি বলেছেন, জয় পেলে সবসময় ভাল লাগে। আমরা লিগ টেবলের কোথায় অবস্থান করছি, সেটা বিশেষ গুরুত্বপূর্ণ না। পয়েন্ট তালিকার মাঝামাঝি জায়গায় থাকা খারাপ নয়। ম্যাচ প্রসঙ্গে কার্তিক বলেছেন, আমার মনে হয় ওরা ভাল ব্যাটিং করেছে। এবি'র অনুপস্থিতিতে বিরাটের উইকেট গুরুত্বপূর্ণ ছিল। ও নিজের মেজাজে খেলেছে। তবে আমার দলের খেলোয়াড়দের উপর আস্থা আছে। যারা খেলছে, তাদের উপর ভরসা রাখা দরকার। অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের কয়েকজন ক্রিকেটার এবার কেকেআর দলে আছে। তাদের প্রশংসা করার পাশাপাশি অনূর্ধ্ব-১৯ দলের কোচ রাহুল দ্রাবিড়কেও কৃতিত্ব দিয়েছেন কার্তিক। তিনি বলেছেন, এই তরুণরা দুর্দান্ত। বিশ্বকাপ জেতার পর সাধারণত একটু অহঙ্কার আসে। কিন্তু এই ছেলেদের মধ্যে সেটা নেই। রাহুল দ্রাবিড়কে কৃতিত্ব দিতেই হবে। ওরা সবসময় দ্রাবিড়ের সম্পর্কে ভাল কথা বলে। সঙ্গে ওপেনিং ব্যাটসম্যান সুনীল নারিন ও ক্রিস লিনেরও প্রশংসা করেন তিনি। সঙ্গে আন্দ্রে রাসেলের আউট প্রসঙ্গে তিনি বলেন, একটা ম্যাচে ওরকম হতে পারে। প্রতি ম্যাচেই অলরাউন্ডার হিসাবে নিজেকে মেলে ধরেছেন রাসেল। ব্যাটসম্যান হিসাবে ৮ ম্যাচে ২০৭ রান ও বল হাতে ৫টি উইকেটও নিয়েছেন তিনি।

ঘোষণা করা হল ভারতের অস্ট্রেলিয়া সফরের ক্রীড়াসূচি

সিডনি, ৩০ এপ্রিল: চলতি বছরের শেষে অস্ট্রেলিয়ায় খেলতে যাচ্ছে ভারতীয় ক্রিকেট দল। আর সেই অস্ট্রেলিয়া সফরের ক্রীড়াসূচি ঘোষিত হল আজ। বিরাট কোহলির দলের অস্ট্রেলিয়া সফর শুরু হচ্ছে আগামী ২১ নভেম্বর। অজিদের মাটিতে টেস্ট, একদিন ও টি-২০ ক্রিকেটের তিনটি ফরম্যাটেই খেলবে টিম ইন্ডিয়া। যে সফরটা দীর্ঘ ২ মাসের লম্বা হতে চলেছে। অস্ট্রেলিয়ার মাটিতে প্রথমে তিন ম্যাচের টি-২০ সিরিজ খেলবে টিম ইন্ডিয়া। ২১, ২৩ ও ২৫ নভেম্বর এই ম্যাচ তিনটি খেলা হবে যথাক্রমে গাব্বা, মেলবোর্ন ও সিডনিতে। এরপর ৪ ম্যাচের টেস্ট সিরিজ খেলবে দুই দল। ৬ ডিসেম্বর অ্যাডিলেডে শুরু হবে প্রথম টেস্ট ম্যাচ। এই টেস্ট সিরিজ চলবে ৭ জানুয়ারি পর্যন্ত। আর তাদের অস্ট্রেলিয়া সফর শেষ হতে চলেছে তিন ম্যাচের একদিনের সিরিজ দিয়ে। আগামী ১২ জানুয়ারি সিডনিতে প্রথম একদিনের ম্যাচ খেলা হবে। ১৫ তারিখ অ্যাডিলেডে অনুষ্ঠিত হবে দ্বিতীয় একদিনের ম্যাচ এবং ১৮ তারিখ তৃতীয় ম্যাচটি হবে মেলবোর্নে। অ্যাডিলেডে প্রথম টেস্টে দিন-রাতের টেস্ট অনুষ্ঠিত করার ইচ্ছা প্রকাশ করেছে অস্ট্রেলিার ক্রিকেট বোর্ড। কারন অ্যাডিলেডের মাঠেই ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ডের বিরুদ্ধে দিন-রাতের টেস্টের আয়োজন করেছিল অস্ট্রেলিয়া ক্রিকেট বোর্ড। তবে এই দিন-রাতের টেস্ট খেলার বিষয়ে বিসিসিআই থেকে এখনও কোনও সবুজ সঙ্কেত পাওয়া যায়নি। স্যান্ডপেপার গেট কান্ডের জন্য একবছর আন্তর্জাতিক ক্রিকেট থেকে নির্বাসিত হয়েছেন অস্ট্রেলিয়ার প্রাক্তন অধিনায়ক স্টিভ স্মিথ ও সহ অধিনায়ক ডেভিড ওয়ার্নার। তাই ভারতের বিরুদ্ধে তিন ফরম্যাটের দীর্ঘ সিরিজে অজি দলের দায়িত্ব কে নেবেন সেটা এখনও ঠিক হয়নি। শেষবার অস্ট্রেলিয়া সফরে গিয়ে ভারত সেরকম ভাল পারফরম্যান্স করতে পারেনি। এবার সেই ব্যর্থতা কাটিয়ে বিরাট কোহলির নেতৃত্বে ভারত অস্ট্রেলিয়ার মাটিতে বদলা নিতে পারে কি না সেটাই এখন দেখার।

প্রকাশক: পার্থ কুণ্ডু, কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা